২১ জুলাই, ২০২৬

# কখন যুদ্ধ হবে শেষ হবে জানালেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান সংঘাত শেষ করতে ইরান আগ্রহী, তবে তার আগে যুদ্ধক্ষেত্রে নিজেদের জন্য একটি সুবিধাজনক অবস্থান নিশ্চিত করতে হবে বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি।

ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা আইআরএনএকে দেওয়া এক সাক্ষাৎকারে আরাঘচি বলেন, চলমান পরিস্থিতিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো সঠিক সময়ে যুদ্ধবিরতি ঘোষণা করা এবং কখন আলোচনায় যাওয়া হবে, সেই সিদ্ধান্ত নেওয়া। তার মতে, এ ধরনের সিদ্ধান্ত তাড়াহুড়ো করে নয়, বাস্তব পরিস্থিতি বিবেচনায় নিয়েই নিতে হয়।

তিনি বলেন, একটি যুদ্ধ সাধারণত দুইভাবে শেষ হতে পারে। একদিকে সামরিক বিজয়ের মাধ্যমে, অন্যদিকে আলোচনার মাধ্যমে সমাধানে পৌঁছে। তবে আলোচনায় বসার উপযুক্ত সময় তখনই আসে, যখন সামরিক ক্ষেত্রে নির্ভরযোগ্য সাফল্য ও কৌশলগত সুবিধা অর্জিত হয়।

আরাঘচি আরও বলেন, দেশের জনগণের জীবন এবং রাষ্ট্রের ভবিষ্যৎ জড়িত থাকায় কোনো সিদ্ধান্তই আবেগের বশে নেওয়া যাবে না। প্রতিটি পদক্ষেপ হতে হবে সুনির্দিষ্ট হিসাব-নিকাশ ও বাস্তব মূল্যায়নের ভিত্তিতে।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, রাজনৈতিক নেতৃত্বকে সব সময় বিবেচনা করতে হবে যুদ্ধ চালিয়ে গেলে কী অর্জন সম্ভব, আর কখন সংঘাত অব্যাহত রাখলে মানবিক ও জাতীয় ক্ষতির পরিমাণ লাভের চেয়ে বেশি হয়ে যেতে পারে। তাই সামরিক ও রাজনৈতিক বাস্তবতা বিবেচনা করেই পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

LENS ASIA